

শিথিলীয়া সিস্টেম এনালিসিস

১. গিওএন এনালিসিস সিস্টেম এনালিসিস

২. প্রোগ্রামিং

৩. বেসডেটসিস্টেম এনালিসিস

৪. সংস্করণ ই-১/২

৫. নথি

ডায়েরি নং.....

তারিখ: ২৯/০৩/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনার তৃতীয় প্রান্তিকের মার্চ, ২০২১ মাসের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

তারিখ : ২১ মার্চ, ২০২১

সময় : বিকাল ২.৩০ মিনিট

স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ

উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের এবং অধীনস্থ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ তৃতীয় প্রান্তিকের মার্চ, ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় তৃতীয় প্রান্তিকের মার্চ, ২০২১ মাসের NIS বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভায় ডিটিসিএ এবং বিআরটিসি'র NIS এর মাসিক অগ্রগতির অসম্পূর্ণ থাকার বিষয়ে আলোচনা হয়। সভা ভবিষ্যতে এ বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। প্রান্তিক শেষ হওয়ার পূর্বেই প্রতিটি সংস্থার পিছিয়ে থাকা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করার উপর সভা গুরুত্বারোপ করে।

২.১ অধীন সংস্থাসমূহের তৃতীয় প্রান্তিকের মার্চ, ২০২১ এর NIS কার্যক্রমের লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কোন কোন ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে সে সকল বিষয়ে আলোচনা হয়। সংস্থাসমূহের NIS কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী এগিয়ে যাওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কার্যক্রমসমূহ প্রান্তিকভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল
(২)	ডিটিসিএ এবং বিআরটিসি'র NIS এর পিছিয়ে থাকা কার্যক্রমগুলি নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে;	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট বিআরটিসি/ ডিটিসিএ
(৩)	NIS কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত এ বিভাগের মাসিক সভায় অগ্রগতি প্রতিবেদনের মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে আলোচ্য প্রান্তিকের কার্যক্রমের অর্জনের সম্ভাব্য তারিখ উল্লেখ থাকতে হবে। কোন প্রাসঙ্গিক তথ্য ও মন্তব্য কলামে দিতে হবে।	শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ডিটিসিএ/ডিএমটিসিএল

৪.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৯/৩/২১

মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০৭০.২০-১৭৫

তারিখ : ১৫ ফাল্গুন, ১৪২৭
২৯ মার্চ, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ০৪। অফিস কপি/মাস্টার কপি।

দীপঙ্কর মন্ডল
উপসচিব

ফোন : ৯৫১৪০৭৫

E-mail: dsmaintenance@rthd.gov.bd